## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১০ই আষাঢ় বুধবার ১৩৬৫ ইংরাজী 25th June. 1958 { ৬ষ্ঠ সংখ্যা
৪ঠা আষাঢ় ১৮৮০ শকাব্দ




মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত জিনিষ যদি চান তা হ'লে

আরতির

### "রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

### আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১০ই আষাঢ় বুধবার সন ১৩৬৫ সাল।

## শ্যামাপ্রসাদ স্মরণে

—০—

১৯৫৪ সাল হইতে ভারতীয় জনসংঘের উদ্যোগে ভারতের সর্ব্বত্র ২৩শে জুন হইতে ৬ই জুলাই পর্য্যন্ত এক পক্ষকাল ব্যাপী এক বিরাট কর্ম্মসূচী লইয়া ডাঃ শ্যামাপদ মুখোপাধ্যায়ের জীবনের বিভিন্ন ধারা এবং ভারতের বিভিন্ন সমস্যার সমাধানের তাঁহার পথনির্দ্দেশ তাঁহার বিয়োগবিধুর দেশবাসীর সম্মুখে তুলিয়া ধরা হয়।

তাঁহার দেশবাসী গুণমুগ্ধ জনগণের সকলেই সুদূর কাশ্মীর বন্দীশালায় এক রহস্যময় ও সন্দেহজনক পরিবেশে অচিকিৎসায় তিনি মৃত্যুমুখে পতিত হন বলিয়া সন্দেহ করেন। সমস্ত ভারতে নিরপেক্ষ তদন্তের দাবী ওঠে। কিন্তু ভারতের তথাকথিত গণতান্ত্রিক সরকার জনগণের এই সামান্যতম দাবীটুকুও স্বীকার করিয়া লন নাই। বরং ভারতের প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলাল নেহরু স্পষ্ট ভাষায় ঘোষণা করিয়াছিলেন—কাশ্মীরের প্রধান মন্ত্রী শেখ আবদুল্লা তাঁহার উনিশ বৎসরের পরমবন্ধু। তিনি যাহা করিয়াছেন তাহা অন্যায় হইবার নহে।

## সত্যমেব জয়তে

পণ্ডিত জহরলাল বলিলে কি হইবে? আবদুল্লার স্বদেশবাসী স্বধর্ম্মিগণ তাঁহার গুপ্ত আকাঙ্ক্ষা আবিষ্কার করিয়া বর্ত্তমান কাশ্মীরের প্রধান মন্ত্রী বক্সী গোলাম মহম্মদ প্রমুখ নেতৃবৃন্দ নেহেরুজীর এই দীর্ঘকালের বন্ধুর প্রকৃতি বন্ধুকে কারারুদ্ধ করিতে বাধ্য হইলেন। ডাঃ শ্যামাপ্রসাদের মত শেখ আবদুল্লাও বন্দী দশাপ্রাপ্ত হইলেন। ইহা যে "সত্যমেব জয়তে" বাক্যের জলন্ত প্রমাণ তাহা অস্বীকার করার উপায় নাই। ভারতের প্রধান মন্ত্রী জহরলাল কাশ্মীর জম্মুর প্রধান মন্ত্রী শের-এ-কাশ্মীর আবদুল্লার বন্দীদশায় বন্ধুর মত সহানুভূতি দেখাইতে পারেন নাই। জানিনা পণ্ডিতজী সংস্কৃত ভাষায় প্রচলিত

ত্রিভির্ব্বর্ষৈ স্ত্রিভির্মাসৈ স্ত্রিভিঃপক্ষৈ
স্ত্রিভির্দিনৈঃ।
অত্যুৎকটৈঃ পাপপুণ্যৈরিহৈব
ফলমশ্নুতে॥

(তিন বৎসর, তিন মাস, তিন পক্ষ, তিনদিনেই অত্যন্ত উৎকট পাপের ফল ইহ জগতেই ফলিয়া থাকে) শ্লোকটি শুনিয়াছেন কি না!

পরে জম্মু-কাশ্মীরের সরকার তাহার প্রাক্তন শের-এ-কাশ্মীরকে বহুদিন বন্দী রাখিয়া মুক্তি দিলেন। যেই মুক্তি পাওয়া অমনি আবার প্রলয় নাচন সুরু করিয়া দিলেন। ভারতের বিরুদ্ধে বিষোদ্গার করিতে লাগিলেন।

বাংলার স্বনামধন্য নাট্যকার স্বর্গীয় পণ্ডিত ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ রচিত আলিবাবা নাটকের আবদাল্লা ও মর্জিয়ানার মত দ্বৈত-নৃত্য কাশ্মীর ও দিল্লীতে যুগপৎ আরম্ভ হইয়া গেল। কাশ্মীরে ভারতবিরোধী সুর ধরিলেন আবদুল্লা, দিল্লীতে ঐ একই সুরে সুর তুলিলেন এক ধনীনন্দিনী মহিলা—ইনি আবদুল্লার হিতাকাঙ্ক্ষিনী। বিপদে পড়িলেন ভারতের প্রধান মন্ত্রী পণ্ডিতজী। তিনি মনে মনে "ছি ছি! এত্তা জঞ্জাল" গান না গাহেন, কিন্তু এই ভাব অনুভব করিয়াছিলেন তাহাতে সন্দেহ নাই।

শেখ আবদুল্লা যে পণ্ডিতজীর বন্ধু তা তো তিনি উচ্চকণ্ঠে একদিন স্বীকার করিয়াছিলেন। আজ শেখজীর সুরে সুর মিলাইয়া যে মহিলা ভারত বিরোধী প্রচার সুরু করিয়াছেন তিনি নিশ্চয় শেখজীর বন্ধু। জ্যামিতি স্বতঃসিদ্ধের মত "যে সকল বস্তু প্রত্যেকে কোন এক বস্তুর সমান তাহারা পরস্পর সমান।" কাজেই তিনিও বন্ধুস্থানীয়া। ভারতীয় লোকসভায় যখন এই দিল্লীতে ভারত বিরোধী বক্তৃতাকারিণীর কথা উঠিল, তখন প্রধান মন্ত্রী নেহরুজী অসহায়ের মত বলিয়াছিলেন—তাই তো কি করা যায়।

নেহরুজী তাঁহার তখনকার উনিশ বৎসরের বন্ধু এখন প্রায় চব্বিশ বৎসরের বন্ধুর পরিচয় বেশ পাইয়াছেন। কেবল সাধারণের দাবী—ডাঃ শ্যামাপ্রসাদের মৃত্যুর তদন্ত না করিয়া নিজের নিরপেক্ষতার এক ইতিহাস বিখ্যাত খুঁৎ রাখিয়া দিলেন।

বৎসর বৎসর ভারতবাসীরা অন্ততঃ বাঙালীরা শ্যামাপ্রসাদের এই বিরহ-মহোৎসব করিবেই। সুতরাং বর্ষে বর্ষে এই অপ্রিয় ভাষণ শুনিতেই হইবে।

মুক্ত শেখ আবদুল্লা আবার কাশ্মীর সরকার কর্ত্তৃক "পুনর্বন্দী ভব" আদেশ প্রাপ্ত হইয়া আবার বন্দীদশা প্রাপ্ত হইয়াছেন।

কাশ্মীর জহরলালজীর পিতৃভূমি—তাহারই নিরাপত্তার জন্য শ্যামাপ্রসাদ মরণ বরণ করিয়াছেন। ইতিহাস ইহা বলিবে।

---

## ইণ্টার মিডিয়েটে

### প্রথম ১০ জনের নাম

এই বৎসর কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আই এস-সি পরীক্ষায় প্রেসিডেন্সী কলেজের শ্রীনিতাইচরণ মুখোপাধ্যায় এবং আই, এ পরীক্ষায় বেলুড় রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের শ্রীরবীন্দ্রনাথ ভট্টাচার্য্য প্রথম স্থান অধিকার করিয়াছে। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, শ্রীমান্ নিতাইচরণ ১৯৫৬ সালের স্কুল ফাইন্যাল পরীক্ষায়ও প্রথম হইয়াছিল।

প্রেসিডেন্সী কলেজ আই, এস-সিতে প্রথম দশটির মধ্যে ৮টি এবং আই, এ'তে ২টি—মোট ২০টির মধ্যে দশটি স্থান অধিকার করিয়াছে। আই এ'তে প্রথম দশজনের মধ্যে তিনজন ছাত্রীও আছে।

বেলুড় রামকৃষ্ণ বিদ্যামন্দিরের তিনজন ছাত্র আই এ'তে প্রথম দশটির মধ্যে তিনটি স্থান অধিকার করিয়াছে। নিম্নে আই এ এবং আই এস-সির প্রথম দশটি স্থান অধিকারী ছাত্র ছাত্রীর নাম দেওয়া হইল:—

আই, এ

১। শ্রীরবীন্দ্রনাথ ভট্টাচার্য্য—বেলুড় রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির।

২। শ্রীরাধারমণ চক্রবর্ত্তী—হুগলী মহসীন কলেজ।

৩। শ্রীতুষারকান্তি তালুকদার—বেলুড় রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির।

## তৃতীয় শ্রেণীর মহিলা যাত্রীদের জন্য বিশ্রাম কক্ষ

ভবিষ্যতে তৃতীয় শ্রেণীর মহিলা যাত্রীগণও বর্ত্তমানে উচ্চ শ্রেণীর মহিলা যাত্রীদের জন্য সংরক্ষিত বিশ্রাম কক্ষগুলি ব্যবহার করিতে পারিবেন। যে সকল ষ্টেশনে মহিলাদের জন্য মাত্র একটি বিশ্রাম কক্ষ আছে সেখানে তৃতীয় শ্রেণীর যাত্রীগণ প্রথম ও দ্বিতীয় শ্রেণীর সঙ্গে উহা ব্যবহার করিতে পারিবেন বলিয়া রেলওয়ে বোর্ড নির্দ্দেশ দিয়াছেন। যেখানে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর বিশ্রাম কক্ষটি তৃতীয় শ্রেণীর যাত্রীগণ ব্যবহার করিবেন। আবার যেখানে ইণ্টার ক্লাসের বিশ্রাম কক্ষগুলি ইণ্টার ক্লাস তুলিয়া দিবার পর অন্য কাজে লাগান হইয়াছে সেগুলি যেখানে সম্ভব তৃতীয় শ্রেণীর মহিলা যাত্রীদের ব্যবহারের জন্য খুলিয়া দেওয়া হইবে।

প্রেঃ ইঃ ব্যুঃ

---

## কলিকাতা লুম্বিনী পার্ক মেণ্টাল হাসপাতাল

পশ্চিমবঙ্গ সরকার চলতি আর্থিক বৎসরে বেদিয়াডাঙ্গা রোড,—( কলিকাতা-৩৯ ) স্থিত লুম্বিনী পার্ক মেণ্টাল হাসপাতালকে দশটি ফ্রি এবং দশটি কনসেস্‌নমূলক শয্যা রক্ষণের ব্যয় বাবত ২৪০০০ টাকার এক অনাবর্ত্তক সাহায্য মঞ্জুর করিয়াছেন।

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৪ই জুলাই ১৯৫৮

১৯৫৮ সালের ডিক্রীজারী

২৮ খাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং শ্যামাপদ রায় দিং দাবি ২৯ টাকা ৯ নঃ পঃ থানা ও মৌজে রঘুনাথগঞ্জ ১-৩৭ শতকের কাত ৪।৵৬ আঃ ২০৲ খং ১২৬

২৭ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০১ টাকা ৫২ নঃ পঃ থানা ঐ মৌজে হুদরাপুর ৭-৭৮ শতকের কাত ২৭৸২ আঃ ৭৫৲ খং ১১৭

২৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৪ টাকা ২৮ নঃ পঃ থানা ঐ মৌজে ঐ ৮৯ শতকের কাত ২৸৵১০ আঃ ২০৲ খং ১২৫

৩০ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৮ টাকা ৭৮ নঃ পঃ থানা ঐ মৌজে রামপুর ৪০৫ শতকের কাত ৮।৬ আঃ ৪০৲ খং ১১৪

৩১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬১ টাকা ৬৭ নঃ পঃ থানা ঐ মৌজে পিয়ারাপুর ২-৩২ শতকের কাত ৪৵৬ আঃ ৫০৲ খং ১৭০

৩৪ খাং ডিঃ ঐ দেং সাফরালি সেখ দিং দাবি ১৩ টাকা ৬৭ নঃ পঃ থানা ঐ মৌজে বিনদিঘী ১২ শতকের কাত ॥/৯ আঃ ১০৲ খং ২১৭

১৬ মনি ডিঃ ঐ দেং আবদুল রহিম বিশ্বাস দাবি ৮২ টাকা ৮৭ নঃ পঃ থানা ঐ মৌজে চকসাদপুর ৭৭ শতকের কাত ২।/৬ আঃ ৫০৲ খং ২২৪

৩২ খাং ডিঃ নদ্দি বাঈ দেং কালাচাঁদ মুখোপাধ্যায় দিং দাবি ৩০ টাকা ২২ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে দেউলি ৩৬ শতকের কাত ১।০ আঃ ২০৲ খং ১০৭

৩৩ খাং ডিঃ ঐ দেং তিনকড়ি মুখোপাধ্যায় দিং দাবি ৫২ টাকা ৬ নঃ পঃ থানা ঐ মৌজে গদাইপুর ২-১০ শতকের কাত ৫৸৶৯ আঃ ৫০৲ খং ৫৯

৩৮ খাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং ইদু সেখ দিং দাবি ১৭ টাকা ৩১ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে তালাই ২-৬৪ শতকের কাত ৪॥৩ আঃ ১৫৲ খং ১০৩

৩৯ খাং ডিঃ ঐ দেং আরসাদ আলী সেখ দাবি ২৩ টাকা ১৯ নঃ পঃ মৌজাদি ঐ ২-২২ শতকের কাত ৯৲ আঃ ১৫৲ খং ৪৬৫

৪০ খাং ডিঃ ঐ দেং আবদুল রাজ্জাক দাবি ২২ টাকা ২৮ নঃ পঃ মৌজাদি ঐ ৯০ শতকের কাত ৮।৬ আঃ ১৫৲ খং ১০০

৪১ খাং ডিঃ ঐ দেং অমূল্যচন্দ্র সাহা দাবি ১৩ টাকা ৭২ নঃ পঃ মৌজাদি ঐ ১-২৯ শতকের কাত ২৲৭ আঃ ১০৲ খং ৩৯৭

৪২ খাং ডিঃ ঐ দেং কানাই ঘোষ দাবি ১৩ টাকা ৮৫ নঃ পঃ মৌজাদি ঐ ৩৯ শতকের কাত ২৲ আঃ ৫৲ খং ৩৬৪

৪৪ খাং ডিঃ ঐ দেং কালাচাঁদ মণ্ডল দাবি ২৯ টাকা ৪১ নঃ পঃ মৌজাদি ঐ ৯০ শতকের কাত ৫॥৵০ আঃ ১৫৲ খং ৪১২

৪৬ খাং ডিঃ ঐ দেং তেহু সেখ দাবি ১৪ টাকা ৫৮ নঃ পঃ মৌজাদি ঐ ৬৯ শতকের কাত ২॥/৬ আঃ ১০৲ খং ৪৫৭

৪৭ খাং ডিঃ ঐ দেং ব্রজেন্দ্রমোহন দত্ত দিং দাবি ১১ টাকা ৮৬ নঃ পঃ মৌজাদি ঐ ৮৫ শতকের কাত ১।০ আঃ ১০৲ খং ৩৭৬

৪৮ খাং ডিঃ ঐ দেং সোহাগী মণ্ডলানী দিং দাবি ১২ টাকা ৯৪ নঃ পঃ মৌজাদি ঐ ৩৩ শতকের কাত ১।০ আঃ ৫৲ খং ৩২৪

৭৬ খাং ডিঃ ভূপেন্দ্রনাথ ভট্টাচার্য্য দিং দেং হারুন রসিদ মুন্সী দাবি ১৫ টাকা ৫৬ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে মথুরাপুর ৪২ শতকের কাত ৩।৵ আঃ ৫৲ খং ১৬৬

৮৫ খাং ডিঃ ঐ দেং দোকড়ি ঘোষ দাবি ১৫ টাকা ৫৬ নঃ পঃ মৌজাদি ঐ ৪৫ শতকের কাত ২৲ আঃ ১০৲ খং ২৩৭

৮০ খাং ডিঃ ঐ দেং লাবণ্যকুমার কৈলঠা দিং দাবি ১৮ টাকা ৩২ নঃ পঃ থানা ঐ মৌজে প্রসাদপুর ৬০ শতকের কাত ৩৸/১১ আঃ ৫৲ খং ১৪৫।১৫

৮৬ খাং ডিঃ ঐ দেং জুবেদ সেখ দিং দাবি ১২ টাকা ৭০ নঃ পঃ থানা ঐ মৌজে বাড়ালা ৬০ শতকের কাত ১৸৯ আঃ ১০৲ খং ১৭৩৩

৮৭ খাং ডিঃ ঐ দেং আবদুল সালাম সেখ দাবি ২৭ টাকা ৬৪ নঃ পঃ থানা ঐ মৌজে কুলড়ী ২-৫২ শতকের কাত ১১৸৶৩ আঃ ২০৲ খং ৮৩

৮৯ খাং ডিঃ ঐ দেং হরিহর ঘোষাল দিং দাবি ১৮ টাকা ৫০ নঃ পঃ থানা ঐ মৌজে মণ্ডলপুর ৬৬ শতকের কাত ৫॥০ আঃ ১০৲ খং ৩৮৩

৪৯ খাং ডিঃ উমাচরণ দাস দিং দেং শান্তিসুধা সাহা দিং দাবি ২৩৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে পাঁচনপাড়া ১-৬৯ শতকের কাত ১১৸৵৩ আঃ ১০৲ খং ৩০০

৫০ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯ টাকা ৪০ নঃ পঃ মৌজাদি ঐ ১-৬৩ শতকের কাত ৮।/৩ আঃ ৭৲ খং ৩০১

৫১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫ টাকা ৯৯ নঃ পঃ মৌজাদি ঐ ৭১ শতকের কাত ৫৲ আঃ ৫৲ খং ২৯৯

৫২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১ টাকা ২০ নঃ পঃ মৌজাদি ঐ ৩-৮ শতকের কাত ১০।/৩ আঃ ৯, খঃ ২৯৬, ৭৯৭

১০ পার্টিসান ডিঃ গোলাম হোসেন মণ্ডল দিং দেং তজবল মণ্ডল ওরফে তুজাম্মেল হোসেন দিং দাবি ৫০ টাকা ১৫ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে হুদরাপুর ৪-৬৭ শতকের কাত ১৯।/৬ দেনদারগণের দখলীয় ৪৪ শতক জমির কাত হারাহারি মতে ১৸/০ আঃ ২০, খং ৩০ রায়ত স্থিতিবান

১১ থাং ডিঃ মুক্তিপদ চট্টোপাধ্যায় দিং দেং জাব্বার সেখ দিং দাবি ২৩, থানা রঘুনাথগঞ্জ মৌজে রামদেবপুর ২-৫৬ শতকের কাত ৭।/২ আঃ ১৫, খং ৩৯৩

৩৫ থাং ডিঃ বরদাশঙ্কর ঠাকুর দেং কৈবল্যদায়িনী দেবী দিং দাবি ১২৪/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সিঙ্কিকালী ৪ ৯৬ শতকের কাত নিজাংশে ১৯।৶১১ আঃ ১১০, খং ৬২

১৯৫৭ সালের ডিক্রীজারী

২৭ মনি ডিঃ পশ্চিমবঙ্গ সরকার দেং সেরাজুদ্দিন মুন্সী দিং দাবি ২৭৬ টাকা ৫৬ নঃ পঃ থানা সুতী মৌজে লোকাইপুর ও কাদোয়া ২-৪৪, ৮৯ শতকের কাত ৫৷৶ আঃ ১৫, খং ১৩৬, ৭০৪

২২১ থাং ডিঃ বাঁশরীমোহন সেন দিং দেং পশুপতি চট্টোপাধ্যায় দাবি ৪৬ টাকা ৮১ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ২-৩১ শতকের কাত ৮৶০ আঃ ৪০, খং ৪৬৮,৫২

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ২১শে জুলাই ১৯৫৮

১৯৫৭ সালের ডিক্রীজারী

২৩ মনি ডিঃ রসুলবক্স নাদাপ দেং ইসমাইল নাদাপ দাবি ১৯৪ টাকা ৯৮ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে লালপুর ১২ শতকের কাত ।৶০ আঃ ৫০, খং ৭৯৫

১৯৫৮ সালের ডিক্রীজারী

১০ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দিং দেং নটবর দাস দিং দাবি ২৭ টাকা ৬০ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে মাঠখাগড়া ৫২ শতকের কাত ১৸৶৩ আঃ ৫, খং ৩০৭, ৮৫৬

---

# বিজ্ঞাপন-বৈচিত্র্য

## জবাকুসুম তৈলের গুণ অতুলনীয়

উল্লিখিত বাক্যের যে কোন অক্ষর কেহ মনে করিলে, তাঁহার মনোনীত অক্ষর নিম্নলিখিত কবিতার সাহায্যে বলিয়া দেওয়া যায়। মনে করুন কেহ (লে) মনে করিলেন। তাঁহাকে জিজ্ঞাসা করুন আপনি নিম্নলিখিত পদ্যটী পড়িয়া বলুন কোন্ কোন্ ষ্ট্যাঞ্জায় আপনার অক্ষরটী আছে। তিনি পাঠ করিয়া অবশ্য বলিবেন (২) ও (৫) ষ্ট্যাঞ্জায় আছে। কারণ (লে) আর কোন ষ্ট্যাঞ্জায় নাই। আপনি ২ ও ৫ যোগ করুন, যোগফল হইল ৭। তাঁহার মনোনীত অক্ষর ঠিক ৭ম স্থানে আছে। এইরূপে সব অক্ষর বল যায়।

(১)

আয়ুর্ব্বেদ-জলধিরে করিয়া মন্থন
সুক্ষণে তুলিল এই মহামূল্য ধন
বৈদ্যকুল-ধুরন্ধর স্বীয় প্রতিভায়;
এর সমতুল্য তেল কি আছে ধরায়?

(২)

এই তৈলে হয় সর্ব্ব শিরোরোগ নাশ,
অতুল্য ইহার গুণ হয়েছে প্রকাশ,
দীনের কুটির আর ধনীর আবাসে,
ব্যবহৃত হয় নিত্য রোগে ও বিলাসে।

(৩)

চুল উঠা টাকপড়া মাথা ঘোরা রোগে,
নিত্য নিত্য কেন লোক এই দেশে ভোগে!
সুগন্ধে ও গুণে বিমোহিত হয় প্রাণ,
সোহাগিনী প্রসাধনে এই তেল চান।

(৪)

কমনীয় কেশ গুচ্ছ এই তেল দিয়া,
কৃষ্ণবর্ণ হয় কত দেখ বিনাইয়া,
তুষিতে প্রেয়সী-চিত্ত যদি ইচ্ছা চিতে,
অনুরোধ করি মোরা এই তৈল দিতে।

(৫)

চিত্তরঞ্জন এভিনিউ চৌত্রিশ নম্বর—
বিখ্যাত ঔষধালয় লোক হিতকর
অবনীর সব রোগ হরণ কারণ,
ঔষধের ফলে তুষ্ট হয় রোগিগণ।

রচনা—শ্রীশরৎ পণ্ডিত (দা' ঠাকুর)

৪। শ্রীবিশ্বনাথ মোর—প্রেসিডেন্সী কলেজ।

৫। শ্রীবিমলনয়ন জালান—প্রেসিডেন্সী কলেজ।

৬। শ্রীমতী শুক্লা মজুমদার—লেডী ব্রাবোর্ণ কলেজ।

৭। শ্রীমতী শান্তি বাগচী—বেথুন কলেজ এবং শ্রীঅশোকেন্দ্রনাথ পোদ্দার—বেলুড়, রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির।

৯। শ্রীঅশোককুমার মুখোপাধ্যায়—আশুতোষ কলেজ।

১০। শ্রীমতী লীনা ভট্টাচার্য্য—হুগলী উইমেন্স কলেজ।

আই, এস-সি

১। শ্রীনিতাইচরণ মুখোপাধ্যায়—প্রেসিডেন্সী কলেজ।

২। শ্রীঅসিতরঞ্জন চক্রবর্ত্তী—প্রেসিডেন্সী কলেজ।

৩। শ্রীঅমরনাথ রায়—প্রেসিডেন্সী কলেজ।

৪। শ্রীঅমিতকুমার সাহা—প্রেসিডেন্সী কলেজ।

৫। শ্রীবলবীর সিং—সেন্ট জেভিয়াস´ কলেজ।

৬। শ্রীরমেন্দ্রপ্রসাদ রায়—প্রেসিডেন্সী কলেজ।

৭। শ্রীশৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায়—প্রেসিডেন্সী কলেজ।

৮। শ্রীতৃপ্তেশকুমার দে—প্রেসিডেন্সী কলেজ।

৯। শ্রীশিবব্রত মুখোপাধ্যায়—প্রেসিডেন্সী কলেজ।

১০। শ্রীঅমলকুমার ভট্টাচার্য্য—হুগলী মহসীন কলেজ।

---

## থ্রম্বসিস রোগের আর একটি কারণ

জমিতে পটাস বেশী দিলে সেই জমির উৎপন্ন ফল আহারের ফলে মানবদেহে থ্রম্বসিস রোগের সৃষ্টি হইতে পারে বলিয়া না কি বিজ্ঞানীরা মনে করেন। বুধবার পশ্চিমবঙ্গ বিধান সভায় জমিতে রাসায়নিক সার অধিক দিবার অপকারিতা সম্পর্কে উল্লেখ করিয়া প্রজা সমাজতন্ত্রী সদস্য শ্রীরামানুজ হালদার বলেন যে, বৈজ্ঞানিকদের মতে জমিতে অধিক পটাস দিলে উহার ফল আহারের পর মানবদেহে থ্রম্বসিস রোগ হইতে পারে।

---


## বন-মহোৎসব উপলক্ষে চারাগাছ বিতরণ

গত বছরের মতো এ-বছরও (১৯৫৮) সমগ্র পশ্চিমবঙ্গে বন-মহোৎসব পালিত হবে। এই উৎসব চলবে ১লা জুলাই থেকে ১৫ই আগষ্ট পর্যন্ত। পশ্চিমবঙ্গ-সরকারের কৃষি অধিকার ও বনবিভাগের পক্ষ থেকে বিনামূল্যে বিভিন্ন শ্রেণীর গাছের চারা ও কলম ইত্যাদি বিতরণ করা হবে এ-বছরও। এই সব চারাগাছ ও কলম পাওয়া যাবে এই সব ঠিকানায়—

**মুর্শিদাবাদ জেলায়**

**বহরমপুরের** জেলা শাসকের অফিস এবং **লালবাগ, কান্দি** ও **জঙ্গীপুরের** মহকুমা শাসকের অফিস।

পশ্চিমবঙ্গ সরকার কর্ত্তৃক প্রচারিত।


## ইণ্টারমিডিয়েট পরীক্ষায় মাতা ও পুত্রের সাফল্য

—০—

বর্দ্ধমান জেলার দাঁইহাট নিবাসী শ্রীমতী কাননরাণী অধিকারী এই বৎসর কলিকাতা সিটি কলেজ হইতে আই-এ পরীক্ষা দেন। তাঁহার বর্ত্তমান বয়স ৩৭ বৎসর এবং ৫টি সন্তান-সন্ততির জননী। তিনি আই-এ পড়ার সঙ্গে সঙ্গে হিন্দী প্রারম্ভিক এবং প্রবেশ ২টি পরীক্ষাতেও সাফল্যলাভ করেন। তাঁহার জ্যেষ্ঠ পুত্র এই বৎসর আই-এস-সি পরীক্ষা দেয়। মাতা ও পুত্র উভয়েই দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছেন। তাঁহার স্বামী শ্রীকনককুমার অধিকারী, ৩৪নং চৌরঙ্গী রোডস্থিত ইম্পিরিয়াল কেমিক্যাল ইণ্ডাষ্ট্রীজে কাজ করেন।

শ্রীমতী কাননরাণী অধিকারী রঘুনাথগঞ্জ চাউল-পটীর সাইকেল ব্যবসায়ী শ্রীবিশ্বেশ্বর চট্টোপাধ্যায় মহাশয়ের শ্যালিকা। আমরা শ্রীমতীর ও তাঁহার পুত্রের সাফল্যে তাঁহাদিগকে অভিনন্দন জ্ঞাপন করিতেছি।

---

## ২২,০০০ সরকারী কর্ম্মচারীর হিন্দী শিক্ষা লাভ

—০—

বর্ত্তমানে দিল্লীতে এবং অন্যান্য কেন্দ্রে ২২,০০০ সরকারী কর্ম্মচারী হিন্দী ভাষা শিখিতেছেন। ১৯৫৫ সালের অক্টোবর মাসে তাঁহাদের সংখ্যা ছিল মাত্র ২৫০০। ১৯৫২ সালে শিক্ষা মন্ত্রণালয় এই পরিকল্পনা কার্য্যকরী করিতে আরম্ভ করেন। ১৯৫৫ সালে স্বরাষ্ট্র মন্ত্রণালয় এই দায়িত্ব গ্রহণ করেন। ১৯৫৮ সালে ৫০,০০০ কর্ম্মচারী এই ভাষায় শিক্ষা গ্রহণ করিবেন বলিয়া আশা করা যাইতেছে। ১৯৬১-৬২ সালে এই সংখ্যা দাঁড়াইবে তিন লক্ষে। প্রবোধ, প্রবীণ এবং প্রাপ্ত—এই তিনটি কোর্স শিক্ষা দেওয়া হয়। প্রত্যেকটি ৯ মাসের কোর্স এবং ইংরাজীর মাধ্যমে শিক্ষা দেওয়া হইতেছে। সরকারী কর্ম্মচারিগণ যাহাতে অধিক সংখ্যায় হিন্দী শিখিতে আগ্রহী হন সেজন্য পুরস্কার দেওয়ার ব্যবস্থা হইয়াছে।

—প্রেঃ ইঃ ব্যুঃ

---

দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস
৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬
টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২
প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়
* * *
রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়




আমেরিকায় আবিষ্কৃত
ইলেকট্রিক সলিউসন
— দ্বারা —
মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।
সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

অরবিন্দ এণ্ড সন্স
মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )
ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।
এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত